# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

## খাগড়াছড়ি পার্বত্য জেলা।

## ইমারত নির্মানে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী:

১. কাঠামোগত স্থায়ীত্বের জন্য Soil Test Report এবং Design Engineer এর Drawing Design Specification অনুসরন করে Supervision Engineer দ্বারা কনস্ট্রাকশন কাজের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। কাঠামোগত কোন ধরনের ধ্বংস বা ক্রটি হলে ভবনের মালিক নিজে সরাসরি দায়ী থাকবেন এবং সকল ধরনের ক্ষতিপূরন দিতে বাধ্য থাকবেন।

২. ভূমিধ্বসের ফলে ভবনের ক্ষতিরোধ কল্পে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ১৯৯৩ অনুসরনে কাঠামোগত ডিজাইন অনুযায়ী নির্মান কাজ সম্পন্ন করতে হবে।

৩. ক্রেতাকে বুঝেশুনে মালামাল কিনতে হবে।

৪. উপাদানগুলোর মিশ্রন হতে হবে মানসম্পন্ন।

৫. পার্বত্য অঞ্চলে ভূমিকম্পের ঝুঁকি আছে বিধায়, বাড়ি নির্মাণে বিল্ডিং কোড অনুসরণ করতে হবে।

৬. ভবন নির্মাণে প্রকৌশলীর সহায়তা নিতে হবে।

৭. ভূমিকম্পের সচেতনতা ও প্রস্তুতির উপর জোর দিতে হবে।

৮. নির্মাণসামগ্রী সংমিশ্রন এবং নির্ধারিত স্থানে রাখা বা নিয়ে যাওয়ায় ক্ষেত্রে গ্লাভস ব্যবহার করতে হবে।

৯. নির্মাণসামগ্রীর কারনে মাথায় আঘাত পাওয়ার হাত থেকে বাঁচতে হেলমেট ব্যবহার করুন।

১০. নির্মাণসামগ্রী বা সূঁচালো বস্তুর আঘাত থেকে রক্ষা পেতে বুট ব্যবহার করুন।

১১. কাজের ফাঁকে প্রচুর বিশুদ্ধ পানি পান করতে হবে।

১২. অতিরিক্ত ঘাম হলে প্রয়োজনে ওরস্যালাইন পান করুন।

১৩. টয়লেটে যাওয়ার অতি প্রয়োজন হলে, আটকে না রেখে টয়লেটে যান।

১৪. পরিচ্ছন্ন পরিবেশে খাদ্য গ্রহন করুন।

১৫. প্রয়োজনীয় ক্ষেত্রে গ্যাসমাস্ক (বিষাক্ত গ্যাস থাকতে পারে এমন স্থানে) /কালো চশমা (ওয়েল্ডিং এর ক্ষেত্রে) ব্যবহার করুন।

১৬. গরম বিটুমিন সংশ্লিষ্ট কাজে গামবুট ও হ্যান্ড গ্লাভস ব্যবহার নিশ্চিত করুন।

১৭. নির্মাণস্থলে প্রবেশ সংরক্ষনের জন্য ড্রাম/কাঠের গুড়ি ব্যবহার করুন।

১৮. যানবাহনের গতি নিয়ন্ত্রণের জন্য 'গতি নিয়ন্ত্রক' অথবা শ্রমিক নিয়োগ করে চলাচল নিয়ন্ত্রণ করুন।

১৯. যত্রতত্র মালামাল জমা করা/ফেলা হতে বিরন থাকুন।

২০. সাবধানতার সংকেত ব্যবহার করুন। এছাড়াও কাজ চলছে, সাবধানে চলুন, গতিসীমা, ডান/বা দিকে চলুন সংকেত ও ব্যবহার করুন।

২১. আবর্জনা নির্মানস্থল হতে দূরে থাকুন।

২২. নির্মাণক্ষেত্রে নিরাপদ পানির জন্য টিউবওয়েল স্থাপন করুন।

২৩. পুরুষ ও নারীদের জন্য আলাদা টয়লেট এর ব্যবস্থা রাখুন।

২৪. আহত হলে দ্রুত চিকিৎসার ব্যবস্থা নিন।

২৫. নির্মাণ স্থলে কার্যকর প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম মজুদ রাখুন।

২৬. জরুরীভিত্তিতে কাজের সময় নির্মানস্থলে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করুন।



আইন অমান্যকারীদের বিষয়ে

**০৩৭১-৬১৬১৭, ০৩৭১-৬১৯২৭, ০৩৭১-৬১৮৮৪**

নম্বরে তথ্য প্রদানের জন্য পৌরবাসীকে অনুরোধ করা হলো।

**আলহাজ্ব রফিকুল আলম**

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।